যুগান্তর

APR. 22 2002

তারিখ ........................
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৩ ...

# শিক্ষাঙ্গনে সন্ত্রাসের প্রধান কারণ ছাত্র ও শিক্ষক রাজনীতি

## বিসিএস শিক্ষা সমন্বয় পরিষদের সেমিনারে অভিমত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

শিক্ষাঙ্গনের সন্ত্রাস সম্পর্কিত এক সেমিনারে বক্তারা রাজনৈতিক দলের লেজুড়বৃত্তিভিত্তিক ছাত্র ও শিক্ষক রাজনীতিকে সন্ত্রাসের প্রধান কারণ হিসাবে উল্লেখ করে বলেছেন, 'এই সন্ত্রাস দমনে ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের পাশাপাশি সব রাজনৈতিক দল ও সুশীল সমাজকে ঐক্যবদ্ধ পদক্ষেপ নিতে হবে। শিক্ষাঙ্গনকে সন্ত্রাসমুক্ত করতে না পারলে জাতীয় অগ্রগতি অর্জন করা সম্ভব হবে না।' ঢাকা কলেজ মিলনায়তনে গতকাল বিকালে 'সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন গড়তে শিক্ষক ছাত্র ও অভিভাবকদের ভূমিকা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। বিসিএস সাধারণ শিক্ষা সমন্বয় পরিষদ আয়োজিত সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক। সভাপতিত্ব করেন সংগঠনের ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক মোঃ সাইদুর রহমান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক মোঃ কাওসার আলী। মুখ্য আলোচক হিসাবে উপস্থিত ছিলেন অল্টারনেটিভ ডেভেলপমেন্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক এমাজউদ্দিন আহমদ। শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাসের কারণ সবারই জানা। কিন্তু প্রাতিষ্ঠানিক কারণ রয়েছে যা শিক্ষকরা চাইলেই সমাধান সম্ভব। প্রধান কারণ ছাত্র-শিক্ষকদের দলীয় রাজনীতির সঙ্গে যুক্ত করতে রাজনৈতিক দলের প্রচেষ্টা। কিন্তু সুযোগ-সুবিধা নিতেই তারা দলীয় রাজনীতির সঙ্গে যুক্ত হয়। এই সমস্যা সমাধানে বৃহত্তর পরিসরে রাজনৈতিক দল ও সুশীল সমাজকে ঐকমত্যে পৌছতে হবে। তিনি বলেন, বিএনপির নেতৃবৃন্দ ছাত্রদলের কর্মকাণ্ড কয়েক বছরের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত নিলেও অন্য রাজনৈতিক দলগুলো তাদের ছাত্র সংগঠনের ব্যাপারে কোন ইতিবাচক সিদ্ধান্ত নেয়নি। শিক্ষামন্ত্রী শিক্ষক ও ছাত্রদের মূল্যবোধের পুনরুদ্ধারের ওপর গুরুত্বারোপ করে বলেন, শিক্ষার এই দৈন্যতা দূর করতে না পারলে দারিদ্র্য দূর হবে না। অধ্যাপক এমাজউদ্দিন আহমদ বলেন, কল্যাণমুখী রাজনীতি যখন ক্ষমতামুখী হয়ে ওঠে তখনই সমাজের বিভিন্ন ক্ষেত্রে বিভক্তি দেখা দেয়। ফলে দেখা দেয় সন্ত্রাস। এর হাত থেকে মুক্তি পেতে রাজনীতিতে সুস্থ ধারা ফিরিয়ে আনতে হবে, প্রতিষ্ঠা করতে হবে আইনের শাসন। মূল প্রবন্ধে অধ্যাপক মোঃ কাওসার আলী শিক্ষাঙ্গনে সন্ত্রাসের জন্য রাজনৈতিক প্রভাব, ছাত্র সংসদ নির্বাচন, শিক্ষক রাজনীতিসহ ১১টি কারণ চিহ্নিত করে বলেন, স্বাধীনতার আগে উচ্চ শিক্ষা ব্যবস্থায় ক্রমাবনতি স্বাধীনতা উত্তরকালে শিক্ষাঙ্গনে যে সন্ত্রাসের সৃষ্টি হয় তার নায়ক কখনও ছাত্র, কখনও শিক্ষক আবার কখনও রাজনৈতিক দল। তিনি এ জন্য দলীয় রাজনৈতিক সম্পৃক্ততা ছিন্ন করে আদর্শভিত্তিক রাজনৈতিক সচেতনতা সৃষ্টির প্রতি গুরুত্বারোপ করেন। এছাড়া সেমিনারে বক্তৃতা করেন অধ্যক্ষ লতিফুর রহমান, অধ্যক্ষ কবির উদ্দিন আহমেদ, এস এম হাতেম আলী, ড. মোঃ আজিজুর রহমান এবং সিরাজুল ইসলাম মল্লিক।